



# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০০

স্মারক নং- ঢাপ্রপ্রবি/৩৮/৯৩/(পার্ট-১)/৪৫৫

তারিখ : ০৭/০১/২০১৭ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর -এর নিম্নলিখিত রাজস্ব খাতের শূন্য পদসমূহ অভ্যন্তরীণ প্রার্থীদের মধ্য হইতে পূরণের নিমিত্ত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন কর্মচারীদের নিকট হইতে নিম্নরূপ শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

ক্রমিক নং	পদের নাম, বিভাগ, বেতন স্কেল ও গ্রেড	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১)	(২)	(৩)	(৪)
১।	ল্যাব এটেনডেন্ট যন্ত্রকৌশল বিভাগ ৳ ৮৫০০--২০৫৭০/- (গ্রেড-১৯)	১ (এক) টি	প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ বা ইহার সমতুল্য জিপিএ সহ এস এস সি পাশ এবং সংশ্লিষ্ট কাজে ১(এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। অথবা প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ বা সমতুল্য জিপিএ সহ এস এস সি পাশ এবং সরকারী কোন প্রতিষ্ঠান বা স্বীকৃত শিক্ষাবোর্ডের অধীন সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ৬(ছয়) মাস মেয়াদী ট্রেড কোর্স পাশ হইতে হইবে।
২।	এমএলএসএস (ক) পুরকৌশল বিভাগ (খ) রেজিস্ট্রার অফিস ৳ ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০)	১ (এক) টি ১ (এক) টি	প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগে এস এস সি বা ইহার সমতুল্য পরীক্ষায় পাশ হইতে হইবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে।

### শর্তাবলী :

- আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হইতে জীবন-বৃত্তান্তের ফরমেট সংগ্রহ পূর্বক পাসপোর্ট সাইজের ২কপি সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ পত্রাদি ও নম্বর পত্রের সত্যায়িত কপিসহ আবেদন পত্র দাখিল করিতে হইবে।
- বর্ণিত পদের জন্য ৫ (পাঁচ) সেট করিয়া পূর্ণাঙ্গ আবেদন পত্র দাখিল করিতে হইবে।
- আবেদন পত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে “রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর” এর বরাবরে পৌঁছাইতে হইবে।
- আবেদন পত্রের সাথে “ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর” শিরোনামে অগ্রণী ব্যাংক লিমিটেড, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর এর অনুকূলে বর্ণিত পদের জন্য ১০০/- টাকার পে-অর্ডার/ডিডি দাখিল করিতে হইবে।
- বিশ্ববিদ্যালয়ের স্মারক নং- ঢাপ্রপ্রবি/৬৬৬; তারিখ : ৩১/০৩/২০১৪ খ্রিঃ মোতাবেক জারীকৃত নিয়োগের সাধারণ নিয়মাবলী সম্পর্কিত প্রজ্ঞাপন অনুযায়ী অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিল করা যাইতে পারে।
- আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ : ১৮/০১/২০১৭ খ্রিঃ রোজ বুধবার (অফিস চলাকালীন সময়ের মধ্যে)।
- অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নিয়োগ পাওয়ার পর নিজ কিংবা পরিবারের কোন সদস্যের জন্য যৌতুক নিবেন না এবং দিবেন না মর্মে ‘অঙ্গীকারনামা’ প্রদান করিতে হইবে।

০৭.০১.১৭

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)  
ফোন : ৯২০৪৭০৩ (অফিস)।

স্মারক নং- ঢাপ্রপ্রবি/৩৮/৯৩/(পার্ট-১)/৪৫৫ (০০১)

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে)-

তারিখ : ০৭/০১/২০১৭ খ্রিঃ

- পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- সকল - ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভেট/অফিস প্রধান;
- সহকারী পরিচালক, পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) অফিস;
- সকল নোটিশ বোর্ড, বিশ্ববিদ্যালয় ও হলসমূহ;
- সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

০৭.০১.১৭

(মোঃ মফিজুর রহমান)  
ডেপুটি রেজিস্ট্রার